

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৬

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি আবুল হুবাব এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ أَبُو الْحُبَابِ

আরবী

3306 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ الْبُنَانِيِّ عَنْ الْقَاسِمِ بْنِ مُحَمَّدٍ: عَنْ عَائِشَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: (إن اللَّهَ لَيُربِّي لأَحَدِكُمْ التَّمْرَةَ وَاللَّقْمَةَ كَمَا يُربِّي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال: (إن اللَّهَ لَيُربِّي لأَحَدِكُمْ التَّمْرَةَ وَاللَّقْمَةَ كَمَا يُربِّي أَحَدُكُمْ فَلُوَّهُ أَوْ فَصِيلَهُ حَتَّى يَكُونَ مِثْلَ أحد)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3306 ا خلاصة حكم المحدث: صحيح _ ((التعليق الرغيب)) (2/ 19).

বাংলা

৩৩০৬. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই আল্লাহ তোমাদের একটি খেজুর বা এক লুকমা খাবার দানকে প্রতিপালিত করে বড় করে তুলেন, যেভাবে তোমরা তোমাদের অশ্বশাবক বা উটের বাচ্চাকে প্রতিপালিত করে বড় করে তোলো। এমনকি তা উহুদ পাহাড়ের মতো হয়ে যায়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/২৫১; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/১১১; বাযযার: ৯৩১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন